

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৪৮৭

আগরতলা, ৪ অক্টোবর, ২০২৪

প্রকাশিত সংবাদের প্রতিবাদ

"রোগীদের দুর্ভোগ চরমে উত্তর জেলা হাসপাতালের স্বাস্থ্য পরিষেবা ভেঙে পড়েছে", এই শিরোনামে গত ১১ সেপ্টেম্বর ২০২৪ দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত সংবাদ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের পক্ষ থেকে প্রকাশিত সংবাদের প্রতিবাদ জানিয়ে বলা হয়েছে যে প্রকাশিত সংবাদ সঠিক নয়। প্রকৃত তথ্য হল, উত্তর জেলা হাসপাতালে স্বাস্থ্য পরিষেবা যাতে সুষ্ঠুভাবে প্রদান করা যায় সেদিকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর সচেষ্ট রয়েছে। রোগীরা যাতে সুষ্ঠুভাবে চিকিৎসা পরিষেবা পেতে পারেন সে ক্ষেত্রে হাসপাতাল কর্তৃপক্ষের নিয়মিত নজরদারী রয়েছে। উত্তর জেলা হাসপাতালে সকাল ৯টা থেকে বিকেল ৪.৩০ টা পর্যন্ত বহির্বিভাগ খোলা থাকে। এরপর বিশেষজ্ঞ চিকিৎসকরা অনকলে থাকেন। সম্প্রতি বহির্বিভাগ স্থানান্তরিত হওয়ায় সেখানে সাময়িক বিভ্রান্তির সৃষ্টি হয়েছিল। ইমার্জেন্সি সংলগ্ন বহির্বিভাগটিকে স্থানান্তরিত করা হয় এবং সেখানে বহির্বিভাগ যথারীতি চালু রয়েছে এবং রোগীরা নিয়মিত পরিষেবা পাচ্ছেন। এই জেলা হাসপাতালে বিশেষজ্ঞ চিকিৎসক রয়েছেন ১৪ জন, এছাড়া জেনারেল ডিউটি মেডিকেল অফিসার রয়েছেন দুইজন। নার্সিং অফিসার রয়েছেন ৪৩ জন। উত্তর জেলা হাসপাতালে সকালে ও বিকেলে নিয়মিতভাবে রাউন্ড দেওয়া হয়। রোগীদের চিকিৎসার ক্ষেত্রে যাতে বিন্দুমাত্র গাফিলতি না হয় সেক্ষেত্রে কর্তৃপক্ষ নিয়মিত নজর রাখছেন।

\*\*\*\*\*